

**কাপাসিয়ায় চেক পেয়েও
ছাত্রীরা উপবৃত্তির
টাকা পাচ্ছে না**

কাপাসিয়া (গাজীপুর) থেকে সুবোধদাতা: উপজেলায় কাপাসিয়া ত্রিভী কলেজের কতিপয় ছাত্রী উপবৃত্তির চেক পেয়েছে, কিন্তু উপজেলা প্রকল্প কর্মকর্তা উক্ত ছাত্রীদের পেমেট বন্ধ করে দেবার কারণে টাকা পাচ্ছে না। ফলে ছাত্রী ও অভিভাবকদের মধ্যে হতাশা সৈধ্যা গিয়েছে। কাপাসিয়া কলেজের ছাত্র শ্রেণীর কিছু ছাত্রী দুইবারে পরিস্থা পাস করায় (৫ম পূঃ ৪-এর কঃ ৫ঃ)

কাপাসিয়ায় চেক পেয়েও
(৫ম পূঃ পঃ)

ছাত্রীদের উপবৃত্তির টাকার চেক বিতরণ করার পরে প্রকল্প কর্মকর্তা উক্ত চেকের পেমেট বন্ধ করে দেন। এ বিষয়ে আটজন ছাত্রী কলেজ অধ্যক্ষ বরাবরে অবদান করেছে। অধ্যক্ষ সামসুল হারীর সাথে যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, তিনি উক্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করলে তিনি তাকে বতসই দিতে বলেন, তা না হলে ছাত্রীদের পেমেট দেয়া হবে না বলে জানান। গত ২ ডিসেম্বর এ বিপোর্ট লেখা পর্যন্ত ছাত্রীরা উপবৃত্তির টাকা পাননি। তারা বিভিন্ন জনের কাছে প্রতিকার চেয়েও পাচ্ছে না। ছাত্রীরা অভিযোগ করেছে, উপজেলার অপর কয়েকটি কলেজেও দুইবারে এসএসসি পাস করা ছাত্রীরা উপবৃত্তির টাকা পেয়েছে। এ বিষয়ে জানার জন্য একাধিকবার প্রকল্প কর্মকর্তার কার্যালয়ে গিয়ে তাকে পাওয়া যায়নি। তবে উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করলে তিনি বিষয়টি দেখবেন বলে জানান।